যুগান্তর

তারিখ 04 JAN 2016
পৃষ্ঠা ৩.৭ কলাম ৫

# জাতীয় স্কেলে বেতনের দাবিতে ইবতেদায়ি শিক্ষকদের স্মারকলিপি

**যুগান্তর ডেস্ক**

জাতীয় স্কেলে বেতনের দাবিতে রোববার বিভিন্ন স্থানে মানববন্ধন করেছে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতি। এ সময় তারা প্রশাসনের মাধ্যমে শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর —

**নাটোর :** নাটোরে রোববার জেলা প্রশাসক মো. মশিউর রহমানের মাধ্যমে শিক্ষামন্ত্রীর নিকট স্মারকলিপি প্রদান করেছে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতি নাটোর শাখা। এ সময় অন্যদের মধ্যে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতি নাটোর শাখার সভাপতি হাফেজ মাওলানা মো. মিজানুর রহমান ও সাধারণ সম্পাদক মাওলানা আবদুর রশিদ উপস্থিত ছিলেন।

**ভোলা (দক্ষিণ) :** রেজিস্ট্রেশনপ্রাপ্ত সব স্বতন্ত্র ইবতেদায়ি শিক্ষককে জাতীয় বেতন স্কেল দেয়ার দাবিতে ভোলায় মানববন্ধন ও শিক্ষামন্ত্রীর বরাবর স্মারকলিপি প্রদান করেছে মাদ্রাসা শিক্ষকদের সংগঠন 'স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতি।' রোববার দুপুরে জেলা প্রশাসক কার্যালয় চত্বরে শিক্ষকরা এ কর্মসূচি পালন করে।

মানববন্ধনে বক্তব্য রাখেন সমিতির জেলা সভাপতি তাজল ইসলাম, সাধারণ সম্পাদক রুহুল আমিন, সিনিয়র সহ-সভাপতি মাহাবুবুর রহমান, যুগ্ম-সম্পাদক রুবিনা বেগম, সদস্য অজিউল্লাহ প্রমুখ।

মানববন্ধন শেষে অংশগ্রহণকারীরা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর নিকট স্মারকলিপি প্রদান করেছেন। জেলা প্রশাসনের পক্ষে স্মারকলিপি গ্রহণ করেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আবদুল হালিম।

**লক্ষীপুর :** লক্ষীপুরে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা জাতীয় স্কেলে বেতনের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান করেছেন। রোববার লক্ষীপুর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এ মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। এ সময় বক্তব্য রাখেন সমিতির লক্ষীপুর শাখার সভাপতি মাওলানা আবদুর রহিম ও সাধারণ সম্পাদক মাওলানা ছাইফ উল্লাহ।

বক্তারা বলেন, প্রধানমন্ত্রী রেজিঃপ্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়ন করেছেন। কিন্তু এখনও স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকদের বেতন ভাতা মাত্র ৫০০ টাকা। সবার বেতন ভাতা বাড়লেও স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা এখনও উপেক্ষিত।

**গাইবান্ধা :** মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন সংগঠনের গাইবান্ধা জেলা সভাপতি মো. মহিউদ্দিন, সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম, শামছুল আলম, কামাল হোসেন, জহুরুল ইসলাম, তরবির রহমান, রানু মিয়া প্রমুখ। বক্তারা ৩০ বছর ধরে বঞ্চিত রেজিস্টার্ড স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকদের জাতীয় স্কেলে বেতন ভাতা প্রদানের দাবি জানান। আগামী ১০ ফেব্রুয়ারির মধ্যে দাবি বাস্তবায়ন করা না হলে সারা দেশে স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকদেরকে নিয়ে ঢাকায় শিক্ষক মহাসমাবেশ এবং মানববন্ধনসহ লাগাতার আন্দোলন করা হবে বলে জানানো হয়।